

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
অভ্যন্তরীণ নিরীক্ষা শাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৮৭.১১.১০৩.২০-৩৩

তারিখ: ১৪ শ্রাবণ ১৪২৭  
২৯ জুলাই ২০২০


বিষয়: জুরাইন আশ্রাফ মাস্টার আদর্শ উচ্চ বিদ্যালয়, কদমতলী, ঢাকা এর পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ব্রডশিট জবাবের বিপরীতে মন্ত্রণালয়ের মতামত ও নির্দেশনা।

সূত্র: (১) ১৪/১৫৩/অ:এস/২০১৬/১৭৭২; তারিখ: ১৪/১২/২০১৬ খ্রি. (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত)  
(২) ডিআইএ/সিটি/২১৬-এস/ঢাকা:৭২১৭; তারিখ: ০৭/০৮/২০১৬ খ্রি. (পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপোক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক বিগত ৩০/০৫/২০১৫ খ্রি. ঢাকা জেলার কদমতলী থানাধীন জুরাইন আশ্রাফ মাস্টার আদর্শ উচ্চ বিদ্যালয়টি পরিদর্শন ও নিরীক্ষা করা হয়। পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনে যে সকল সুপারিশ/মন্তব্য করা হয়েছে তার মধ্যে নিম্নবর্ণিত মন্তব্য/সুপারিশসমূহ তুলনামূলকভাবে অধিক গুরুতর্পূর্ণ প্রতীয়মান হয়েছে:

- ক. প্রতিষ্ঠানে কর্মরত নিবন্ধনবিহীন শিক্ষক যথাক্রমে মনোয়ারা পারভীন, হাফিজা খানম, সুরাইয়া বেগম, রোকসানা পারভীন, নাসরিন আকত্তার কাকলী, মো. সিরাজুল ইসলাম, মো. সাইফুল আলম, মো. আলী আশরাফ, মো. শফিকুর রহমান, মো. আসিক ইসতিয়াক, শামসুন্নাহার তাপসী, লতা আকত্তার, নাহিদা আকত্তার, হালিমা আকত্তার, সানজিদা আকত্তার, খাদিজা আকত্তার, মো. জসীম উদ্দীন, সুরাইয়া আফরোজ সুমি, বিউটি আকত্তার, শামীমা সুলতানা, আলিমা আকত্তার মুনিয়া, সিমু শিকদার, পামলী দাস এবং বুপালী আকত্তার প্রতিষ্ঠানে খন্দকালীন হিসেবে প্রতিষ্ঠানের অর্থায়নে কর্মরত থাকতে পারবেন, অত্র প্রতিষ্ঠানে বর্ণিত অবস্থায় পূর্ণকালীন বা এমপিওভুক্ত হতে পারবেন না;
- খ. প্রতিষ্ঠানটিতে স্টক টেকিং পদ্ধতি চালু করতে হবে;
- গ. স্টক রেজিস্টার, ফাইল রেজিস্টার, নিয়োগ রেজিস্টার, ডেসপাচ রেজিস্টার, চেক রেজিস্টার, সাবসিডিয়ারী রেজিস্টার চালু করতে হবে;
- ঘ. ক্রয় কমিটি গঠন করে কমিটির মাধ্যমে প্রতিষ্ঠানের যে কোন ক্রয় সম্পন্ন করতে হবে;
- ঙ. সকল আয়-ব্যয় কমিটির অনুমোদন সাপেক্ষে করতে হবে;
- চ. প্রযোজ্য সকল ক্ষেত্রে স্পট কোটেশন ও ট্রেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পন্ন করতে হবে;
- ছ. প্রতিষ্ঠানের সকল আর্থিক লেনদেন সব ক্ষেত্রে ব্যাংকের মাধ্যমে সম্পন্ন করতে হবে;
- জ. ব্যয়ের ভাড়ার সমূহ কমিটির অনুমোদন সাপেক্ষে যথাযথভাবে গার্ড ফাইলে সংরক্ষণ করতে হবে;
- ঝ. প্রধান শিক্ষককে আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে নিয়মিত ক্যাশ বহিতে অনুস্বাক্ষর করে আপ-টু-ডেট হিসাব সংরক্ষণ করতে হবে;
- ঞ. প্রযোজ্য ক্ষেত্রে রাজস্ব স্ট্যাম্প ব্যবহার করতে হবে;
- ঠ. বছরের শুরুতে সম্ভাব্য আয়-ব্যয়ের উপর ভিত্তি করে বাজেট প্রণয়ন করতে হবে এবং বাজেট অনুযায়ী আয়-ব্যয় নির্বাহ করতে হবে।

০২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়সমূহে কার্যকর ও যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক প্রতিটি বিষয়ে গৃহীত ব্যবস্থা সম্পর্কে সুনির্দিষ্ট ও সুস্পষ্টভাবে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

  
(মোহাম্মদ আতিউর রহমান)

উপসচিব

ফোন: ৯৫৪৬১০৭

প্রধান শিক্ষক

জুরাইন আশ্রাফ মাস্টার আদর্শ উচ্চ বিদ্যালয়, কদমতলী, ঢাকা

সদয় অবগতির জন্য অনুলিপি:

- ১। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল
- ৫। জেলা শিক্ষা অফিসার, ঢাকা
- ৬। সভাপতি, ম্যানেজিং কমিটি, জুরাইন আশ্রাফ মাস্টার আদর্শ উচ্চ বিদ্যালয়, কদমতলী, ঢাকা
- ৭। অতিরিক্ত সচিব (নিরীক্ষা ও আইন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৮। অফিস কপি।